

সার্ভিস ইনোভেশন ফান্ড আবেদন সহায়িকা

সরকারি-বেসরকারি কর্মকর্তা বা প্রতিষ্ঠানসহ গবেষক, শিক্ষক, ছাত্র-ছাত্রী যে কেউ নতুন আইডিয়া নিয়ে আবেদন করতে পারবেন। আপনার ইনোভেশন বা উদ্যোগটি যদি জনগনের সেবা প্রাপ্তিতে সময়, খরচ ও যাতায়তের সংখ্যা কমায় তাহলে আবেদন করুন। অনলাইন নির্দিষ্ট ফরমে আবেদন ছাড়া অন্যকোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

আপনি বা আপনার প্রতিষ্ঠান হতে ইতোমধ্যে পূর্ববর্তী পর্বগুলোতে আবেদন করে থাকলেও নতুন আইডিয়া নিয়ে প্রতিটি পর্বে আপনি আবেদন করতে পারবেন। একজন ব্যক্তি একাধিক আইডিয়া নিয়েও সার্ভিস ইনোভেশন ফান্ডের জন্য আবেদন করতে পারবেন।

আবেদন করতে নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করুন:

- এই পেইজটিতে যান: <http://www.e-service.gov.bd/SIF/login> অথবা www.a2i.pmo.gov.bd
- রেজিস্ট্রেশনের জন্য সাইন আপ করুন (সাইন আপের পর আপনার মোবাইল এবং ইমেইল একাউন্ট চেক করুন, কোন মেইল না পেলে আপনার ই-মেইলের Trash, Junk, Spam-এ খোঁজ করুন)
- সাইন আপ শেষ ইমেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগ ইন করুন
- লগ ইন করার পর আবেদনের জন্য অ্যাপ্লিকেশন মেন্যু থেকে New Application বাটনে ক্লিক করুন।
- আপনার উদ্ভাবনী আইডিয়ার প্রয়োজনীয় তথ্যাদিসহ অনলাইন নির্দিষ্ট ফরমে আবেদন করুন। আপনার আবেদনটি নির্দিষ্ট সময়ের মধ্যে চূড়ান্তভাবে জমাদেয়ার পূর্বে যে কোন সময় পরিবর্তন বা সংযোজন বা বিয়োজন করতে পারবেন। একবার চূড়ান্তভাবে জমা দেওয়া হলে সেটার কোন পরিবর্তন বা সংযোজন বা বিয়োজন করা যাবে না। আবেদনটি বা আবেদনগুলো ঘোষিত সময়ের মধ্যে অবশ্যই চূড়ান্তভাবে জমা দিতে হবে।
- একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান একাধিক উদ্ভাবনী আইডিয়া নিয়ে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে My Application – বাটনে ক্লিক করে পূর্ববর্তী পর্বসহ চলতি পর্বের অনলাইনে জমা হওয়া আবেদনসমূহ দেখতে পারবেন।
- অনলাইন সিস্টেমে বাংলা বা ইংরেজি উভয়ভাবে লিখে আবেদন করা যাবে। অনলাইনে বাংলা লিখতে অবশ্যই ইউনিকোড ব্যবহার করুন, অন্যথায় আপনার আবেদনটি সিস্টেমে পড়া সম্ভব হয় না এবং ফলে তা বাছাই করা যায় না।
- প্রকল্প ধারণা নিয়ে ফান্ডের জন্য শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। অন্যকোনভাবে (হার্ড কপি বা মৌখিক) কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

● সার্ভিস ইনোভেশন ফান্ডের অনলাইন আবেদন ফরমের পয়েন্টগুলোর বিস্তারিত বিবরণঃ

১। Name of the initiative (ইনিশিয়েটিভ এর নাম): আবেদনকারীকে ৩০০ অক্ষরে (আনুমানিক ৫০ শব্দ) তার ইনিশিয়েটিভের বা উদ্যোগের নামটি উল্লেখ করতে হবে

২। Category (বিভাগ): আবেদনকারীকে নির্ধারণ করতে হবে যে তার ইনিশিয়েটিভটি কোন বিভাগে বা বিষয়ে পরে।

৩। Problem statement (সমস্যা বিবৃতি): ১৫০০ অক্ষরের (আনুমানিক ২৫০ শব্দ) মধ্যে আবেদনকারীকে যে সমস্যার সমাধান দিতে চাইছেন তা উল্লেখ করতে হবে। বর্তমান যে সমস্যাটি সমাধান করার উদ্যোগ নিয়েছেন বা করতে চান তা উল্লেখ করতে হবে।

৪। Problem Statement attachment: সমস্যা বিবৃতিতে যা লেখা হয়েছে তা বুঝতে বা সহায়তার জন্য যে কোন সংযুক্তি দিতে পারেন। সংযুক্তিটি অবশ্যই ২ মেগাবাইটের বেশি হবে না।

৫। Solution statement (সমাধান বিবৃতি): আবেদনকারী কিভাবে/ কি প্রক্রিয়ার মাধ্যমে সমস্যাটির সমাধান দিতে চাইছেন তা উল্লেখ করবেন। সমাধান বিবৃতি ১৮০০ অক্ষরের (আনুমানিক ৩০০ শব্দ) মধ্যে উল্লেখ করতে হবে। সমাধানের ধারাবাহিক স্টেপগুলো সংক্ষিপ্ত বিবরণের মাধ্যমে উল্লেখ করুন। সমাধানটি কিভাবে সেবা গ্রহণে সময়, খরচ এবং বার বার আসা যাওয়া কমায় তা উল্লেখ করতে পারবেন যাতে সেটা যে একটি উদ্ভাবনী সমাধান তা পরিমাপ করা সম্ভব হয়।

৬। Solution statement attachment: যে সমাধানটি দেয়া হয়েছে সেটা বোঝাবার জন্য যে কোন সংযুক্তি দেয়া যাবে। সংযুক্তিটি অবশ্যই ২ মেগাবাইটের বেশি হবে না।

৭। Dependencies (নির্ভরতা): আবেদনকারীকে উল্লেখ করতে হবে যে সমাধানটি সফলভাবে বাস্তবায়ন করতে হলে কোন কোন মন্ত্রণালয়ের, অধিদপ্তরের অথবা অন্যান্য ব্যক্তি/প্রতিষ্ঠানের সাহায্য প্রয়োজন। আবেদনকারীকে ১২০০ অক্ষরের মধ্যে Dependencies বা নির্ভরতা উল্লেখ করতে হবে।

৮। Beneficiaries (সুবিধাভোগী): সুনির্দিষ্ট কোন জনগোষ্ঠীর সম্ভাব্য কতজন ব্যক্তি উল্লেখিত সমাধানের মাধ্যমে উপকার বা সুবিধা পাবেন তা উল্লেখ করতে হবে।

৯। Duration (সময়কাল): যে সমাধানটি আবেদনকারি প্রস্তাব করেছেন তা বাস্তবায়ন করতে কত মাস (সর্বোচ্চ ১২ মাস) প্রয়োজন হবে তা উল্লেখ করবেন।